

আমাদেরময়

শ্যালকের শিক্ষা সনদে শিক্ষক ছিলেন শরিফুল

নিজস্ব প্রতিবেদক বণ্ড়া

৬ জানুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ৫ জানুয়ারি ২০২১ ২৩:২৮



শরিফুল ইসলাম পেশায় ছিলেন কৃষক। লেখাপড়া মাধ্যমিকের গী- পেরোননি। সংগ্রহ করেন শ্যালক শফিকুল ইসলামের এসএসসি পাসের সনদ। সেই সনদে চাকরি বাগিয়ে নেন ইসলামিক ফাউন্ডেশনে মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কেন্দ্রে। সেখানে প্রাক-প্রাথমিকের শিক্ষার্থীদের পাঠাদান করেছেন। কিন্তু পাঁচ বছর পর এ তথ্য ফাঁস হওয়ায় তাকে চাকরি খো�য়াতে হয়েছে।

শরিফুল ইসলাম বণ্ডার ধূনট উপজেলার গোপালনগর ইউনিয়নের মহিশুরা গ্রামের আফছার আলীর ছেলে। তার স্বপ্ন ছিল চাকরি নামের সোনার হরিণ ধরার। এ অবস্থায় ইসলামিক ফাউন্ডেশনে মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কেন্দ্রে শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। তখন শ্যালক শফিকুল ইসলামের সনদ সংগ্রহ করে শিক্ষক পদে আবেদন করেন। উপজেলার নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে মৌখিক পরীক্ষা দিয়ে তদবিরের মাধ্যমে চাকরি বাগিয়ে নেন।

তিনি শফিকুল ইসলাম নামে ২০১৫ সালের জানুয়ারি থেকে গোপালনগর উত্তরপাড়া জামে মসজিদে প্রাক-প্রাথমিকের শিক্ষার্থীদের পাঠদান করেন। প্রথমে প্রতি মাসে ৩ হাজার ও পরে ৫ হাজার টাকা এবং বছরে দুইবার সেদ উৎসব ভাতাসহ প্রায় ৩ লাখ টাকা উত্তোলন করেন তিনি। বিষয়টি ডিসেম্বর মাসে জানতে পারেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও)। পরে যাচাই-বাছাই করে শরিফুল ইসলামকে চাকরিচ্যুত করা হয়।

সূত্র জানায়, উপজেলায় ২০০৬ সাল থেকে মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম শুরু করা হয়েছে। এখানে মোট ২০১টি কেন্দ্র রয়েছে। এর মধ্যে কোরআন শিক্ষা ১২৩টি, প্রাক-প্রাথমিক শিক্ষা ৭৭টি এবং বয়স্ক শিক্ষা কেন্দ্র ১টি।

এ বিষয়ে শরিফুল ইসলাম বলেন, শফিকুল ইসলামের হয়ে শিক্ষকতার চাকরিতে প্রক্রিয়া দিয়েছি। এ বিষয়টি জানার পর উপজেলা নির্বাহী কর্মকর্তা শফিকুলকে চাকরি থেকে অব্যাহতি দিয়েছেন। তবে শফিকুলের সনদে আমার চাকরি নেওয়ার অভিযোগটি মিথ্যা।

ইসলামিক ফাউন্ডেশন ধূনট উপজেলা শাখার ফিল্ড সুপারভাইজার মীর আরিফ হোসাইন বলেন, তথ্য গোপন করে চাকরি করার অভিযোগে শরিফুলকে অব্যাহতি দেওয়া হয়েছে। চাকরির নামে সরকারি টাকা আত্মসাতের বিষয়ে ব্যবস্থা নেওয়া হবে। এ ছাড়া প্রত্যেক কেন্দ্রের শিক্ষকদের কাগজপত্র যাচাই-বাছাই করা হচ্ছে।

ধূনট উপজেলা নির্বাহী কর্মকর্তা সঞ্জয় কুমার মহস্ত বলেন, অভিযোগটি প্রমাণিত হওয়ায় শরিফুলকে চাকরিচ্যুত করে তার বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণের জন্য ইসলামিক ফাউন্ডেশন বরাবর সুপারিশ করা হয়েছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

মন্তব্য দাতার ঈশ্বর
আমাদের মমতা

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

[Privacy Policy](#)